02 SEP 2016

তারিখ ........
পৃষ্ঠা ........ কলাম ........

দৈনিক
আমাদের সময়

# প্রযুক্তিগত বিদ্যায় নির্মিত হবে আধুনিক বাংলাদেশ : শিক্ষামন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক, খুলনা ●**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, প্রচলিত শিক্ষা দিয়ে আধুনিক বাংলাদেশ গড়া সম্ভব নয়। নতুন প্রজন্ম তথা ছাত্রসমাজ হবে আধুনিক বাংলাদেশের নির্মাতা। এ লক্ষ্যে তাদের প্রযুক্তিগত বিদ্যা অর্জনে এগিয়ে আসতে হবে। শিক্ষামন্ত্রী গতকাল বৃহস্পতিবার সকালে খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (কুয়েট) দিবস ২০১৬ উপলক্ষে আয়োজিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। মন্ত্রী বলেন, আমাদের জাতীয় লক্ষ্য হল ২০২১ সালের মধ্যে দেশকে মধ্যম আয়ের দেশে নিয়ে যাওয়া। এ জন্য ঘোষণা করা হয়েছে ভিশন ২০২১। বর্তমান আওয়ামী লীগ সরকার পরিবর্তনের অঙ্গীকার নিয়ে ক্ষমতায় এসেছে। সে পরিবর্তনের অন্যতম বিষয় হচ্ছে দারিদ্র, অভাব ও দুর্নীতিমুক্ত সমৃদ্ধ দেশ গড়া। ঘোষণা করা হয়েছে ডিজিটাল বাংলাদেশের। দেশে সব দল-মতের মানুষের পরামর্শের ভিত্তিতে প্রণয়ন করা হয়েছে শিক্ষানীতি। সরকার ইতোমধ্যে দেশে ২৩ হাজার সাড়ে ৩০০ শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাস চালু করেছে। সমাবেশে সভাপতির বক্তব্য রাখেন কুয়েটের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ আলমগীর। এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।